



ত্রিপুরা সরকার

অন্যান্য পশ্চাদপদ শ্রেণী কল্যাণ দপ্তর
এয়ারপোর্ট রোড, গোর্খাবস্তি আগরতলা




ড. বি. আর. আশ্বেদকর স্মৃতি মেধা পুরস্কারের জন্য আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি

অন্যান্য পশ্চাদপদ শ্রেণী ভুক্ত ত্রিপুরায় স্থায়ীভাবে বসবাসকারী যে সকল মেধাবী ছাত্রছাত্রী ২০২২ ইং শিক্ষাবর্ষে রাজ্যের কোন স্বীকৃত বিদ্যালয় হতে মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক পরীক্ষায় কম পক্ষে গড়ে ৬০ শতাংশ নম্বর পেয়ে (সব বিষয়ে অবশ্যই পাশ করতে হবে) ১ম বিভাগে উত্তীর্ণ হয়েছে তাদের অন্যান্য পশ্চাদপদ শ্রেণী কল্যাণ দপ্তর থেকে ড. বি. আর. আশ্বেদকর স্মৃতি মেধা পুরস্কার প্রদান করা হবে। ছাত্রছাত্রীরা আগামী ০৫/১১/২০২২ ইং তারিখের মধ্যে (bms.tripura.gov.in) Portal এ Online এর মাধ্যমে আবেদন করতে পারবে। আবেদন করার পরবর্তীতে নিম্নে উল্লেখিত বিষয়গুলির প্রত্যয়িত নকল কপি যথাক্রমে (১) মার্কসিট (২) আধার কার্ড (৩) ব্যাংক একাউন্টের বিস্তারিত বিবরণ (৪) ও বি সি সার্টিফিকেট (৫) রেশন কার্ড (৬) **BMS Acknowledgement Slip** সহ আবেদনপত্র নিজ নিজ বিদ্যালয় প্রধানদের কাছে আগামী ১০/১১/২০২২ ইং তারিখের মধ্যে জমা করার জন্য বলা হচ্ছে। এখানে উল্লেখ্য কেবল মাত্র অন্যান্য পশ্চাদপদ শ্রেণীভুক্ত ছাত্রছাত্রীরাই নিম্ন হারে এই পুরস্কার পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবে।

- যারা মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক পরীক্ষায় ১ম বিভাগে উত্তীর্ণ হয়েছে তাদের প্রত্যেককে ১,৫০০/- টাকা হারে আর্থিক পুরস্কার সহ শংসা পত্র প্রদান করা হবে।
- **Tripura Board of Secondary Education (TBSE)** কর্তৃক পরিচালিত মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক পরীক্ষায় যে সমস্ত ও বি সি সম্প্রদায়ভুক্ত ছাত্রছাত্রী বর্তমান শিক্ষাবর্ষে ১ম থেকে ১০ম এর মধ্যে স্থান পেয়েছে তাদের আশ্বেদকর স্বর্ণপদক প্রদান করা হবে। এই পুরস্কার প্রাপক ছাত্রছাত্রীদের ক্ষেত্রে **BMS Portal** এ Online আবেদন প্রযোজ্য নয়। এই সকল ও বি সি ছাত্রছাত্রীদের কে আগামী ৩০/১০/২০২২ ইং তারিখের মধ্যে সরাসরি নিম্ন স্বাক্ষর কারির অফিসে তাদের আবেদনপত্র জমা করার জন্য বলা হচ্ছে। আবেদন পত্রের সঙ্গে (১) মার্কসিট (২) আধার কার্ড (৩) ব্যাংক একাউন্টের বিস্তারিত বিবরণ (৪) ও বি সি সার্টিফিকেট (৫) রেশন কার্ড এর প্রত্যয়িত নকল কপি সহ সাদা কাগজে দরখাস্ত করে আবেদনপত্রটি জমা করার জন্য বলা হচ্ছে।
- সমস্ত হাই/হাইয়ার সেকেন্ডারী স্কুলের প্রধান শিক্ষক/শিক্ষিকাদের অনুরোধ করা হচ্ছে যে, তারা যেন যোগ্যতা সম্পন্ন আবেদনকারী ও বি সি ছাত্রছাত্রীদের আবেদন পত্র গুলো আগামী ২০/১১/২০২২ ইং তারিখের মধ্যে **Offline mode** - এ **verification** করে স্ব স্ব **SDM Office** এ জমা করেন।
- এই ক্ষেত্রে মহকুমা শাসক গণের দৃষ্টি আকর্ষণ করে অনুরোধ করা হচ্ছে যে তারা যেন প্রয়োজনীয় তদন্তক্রমে সমস্ত দরখাস্ত আগামী ৩০/১২/২০২২ ইং তারিখের মধ্যে **Offline mode** এ **OBC Welfare Directorate Office** এ জমা করার উদ্যোগ গ্রহণ করেন। (**Only Excel formate**)

উপরিউক্ত বিজ্ঞাপন মূলে কোন আবেদনকারীর আবেদনপত্র উল্লেখিত তারিখ ও নিয়ম অনুসারে দপ্তরের গোচরে না এলে পরবর্তী পর্যায়ে কোন আবেদন বিবেচনার প্রক্ষেপে দপ্তর কোন অবস্থাতেই দায়ী থাকবে না।

বিস্তারিত জানার জন্য লগ-ইন করুন www.obcw.tripura.gov.in, (0381)232-9034, e-mail - dir.obcw-tr@gov.in, Whatsapp Number - 8798224220


(কুন্তলাদাস)
অধিকর্তা

অন্যান্য পশ্চাদপদ শ্রেণী কল্যাণ দপ্তর